



"শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-৩  
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০৫৬.২০-২১

তারিখ: ২৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
১১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলার রসুলাবাদ ইসলামিয়া ফাজিল (স্নাতক) মাদ্রাসার প্রভাষক (পৌরনীতি) জনাব মোহাম্মদ তাজুল ইসলাম (ইনডেক্স নং-৩১৮৪৯৮) এর খোরপোষ ব্যতিত প্রাপ্ত বকেয়ার হিসাবসহ প্রস্তাব প্রেরণ।

সূত্র: অধ্যক্ষ, রসুলাবাদ ইসলামিয়া ফাজিল (স্নাতক) মাদ্রাসা, উপজেলা-সাতকানিয়া, জেলা-চট্টগ্রাম এর নিকট হতে প্রাপ্ত আবেদন।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলার রসুলাবাদ ইসলামিয়া ফাজিল (স্নাতক) মাদ্রাসার প্রভাষক (পৌরনীতি) জনাব মোহাম্মদ তাজুল ইসলাম (ইনডেক্স নং-৩১৮৪৯৮) এর বকেয়া ১,৮৮,৮৭০/- (এক লক্ষ আটশি হাজার আটশত সত্তর) টাকা প্রদানের নির্দেশনার জন্য সূত্রস্থ স্মারকে এ বিভাগে আবেদন দাখিল করেন।

০২. সূত্রস্থ স্মারকে জানানো হয়েছে জনাব মোহাম্মদ তাজুল ইসলাম এর বিরুদ্ধে বিস্ফোরক আইনের মামলা হয়, যা হতে তিনি অব্যাহতি পেয়েছেন। মামলার আপিল চলমান নেই। সাতকানিয়া থানার ১৪(১২)১৩ নং জি.আর মামলায় অজ্ঞাত আসামী হিসেবে তিনি গ্রেপ্তার হন এবং ১৫.০১.২০১৫খ্রি. তারিখে চাকরি থেকে সাময়িক বরখাস্ত হন। বরখাস্তকালে তিনি খোরপোষ ভাতা গ্রহণ করেন। পরবর্তীতে পুলিশ কর্তৃক দাখিলকৃত চার্জসীটে তার সম্পৃক্ততা না পাওয়ায় Not Sent Up In C/S অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হয়। মাদ্রাসার গভর্নিং বডি কর্তৃক ০১.১১.২০১৬খ্রি. তারিখে তার সাময়িক বহিষ্কারাদেশ তুলে নেয়া হয়।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.৫(ক) ফৌজদারি মামলায় নির্দোষ প্রমাণিত হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশের আলোকে বকেয়া এমপিও প্রদানের বিষয়ে বিবেচনা করবে।

০৪. এমতাবস্থায়, চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলার রসুলাবাদ ইসলামিয়া ফাজিল (স্নাতক) মাদ্রাসার প্রভাষক (পৌরনীতি) জনাব মোহাম্মদ তাজুল ইসলাম (ইনডেক্স নং-৩১৮৪৯৮) এর খরপোষ ব্যতিত প্রাপ্ত বকেয়ার হিসাবসহ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১০ পাতা।

  
(সৈয়দ আসগর আলী)  
সহকারী সচিব (মাদ্রাসা-৩)  
১৫/০২/২০২১  
১৫৪৫৭২০

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
গার্লস গাইস হাউস (৭ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা।

অনুলিপি:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) জনাব আহমদ রেজা, অধ্যক্ষ, রসুলাবাদ ইসলামিয়া ফাজিল (স্নাতক) মাদ্রাসা, উপজেলা-সাতকানিয়া, জেলা-চট্টগ্রাম।
- ৪) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) অফিস কপি।